# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১২১৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২. দ্বিতীয় অনুচ্ছেদ - রাতের সালাতে যা পড়তেন

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا اسْتَيْقَظَ مِنَ اللَّيْلِ قَالَ: «لَا إِلَهَ إِلَّا أَنْتَ سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ أَسْتَغْفِرُكَ لِذَنْبِي وَأَسْأَلُكَ رَحْمَتَكَ اللَّهُمَّ زِدْنِي عِلْمًا وَلَا تُزِغْ قَلْبِي بَعْدَ إِذْ هَدَيْتَنِي وَهَبْ لِي مِنْ لَدُنْكَ رَحْمَةً إِنَّكَ أَنْتَ الْوَهَّابُ» . رَوَاهُ أَبُو دَاوُدَ

### বাংলা

১২১৪-[৪] ’আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাত্রে ঘুম থেকে জেগে উঠলে বলতেন, ’’লা- ইলা-হা ইল্লা- আনতা সুবহা-নাকা, আল্ল-হুম্মা ওয়াবি হামদিকা আসতাগফিরুকা লিযাম্বি, ওয়া আস্আলুকা রহমতাকা, আল্ল-হুম্মা যিদনী ’ইলমা-, ওয়ালা- তুযিগ ক্বলবি বা’দা ইয হাদায়তানী, ওয়া হাবলী মিল্লাদুনকা রহমতান, ইন্নাকা আনতাল ওয়াহহা-ব।’’ (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৫০৬১, ইবনু হিব্বান ৫৫৬১, মুসতাদরাক লিল হাকিম ১৯৮১, আদ্ দা‘ওয়াতুল কাবীর ৪১৬, আল কালিমুত্ব ত্বইয়্যিব ৪৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: রাত্রিতে ঘুম থেকে জেগে পঠিতব্য এ দু‘আর মধ্যে ‘আল্ল-হুম্মা ওয়া বিহামদিকা’ বাক্যটি মিশকাতের মূল গ্রন্থে নেই। মুবারকপূরী (রহঃ) বলেন, আমি আবূ দাউদে খুঁজেও এটি পাইনি। অবশ্য আল্লামা জাযারী তার জামি‘উল উসূলে এটি উল্লেখ করেছেন। ‘আস্তগফিরুকা লিযাম্বী’ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ক্ষমা প্রার্থনা উম্মাতকে শিক্ষাদনের জন্য অথবা তার রবের মহাত্ম ও বড়ত্ব প্রকাশের জন্য। তিনি আরো পড়েছেন, ‘হে আল্লাহ! আমাকে হিদায়াত দেয়ার পর আমার অন্তরকে বক্র করে দিও না।’ এর অর্থ হলোঃ আমার অন্তরকে হক থেকে বাতিলের দিকে ঝুকিয়ে দিও না। আল্লামা ত্বীবী বলেন, এর অর্থ হলোঃ আমাকে হিদায়াত দানের পর তুমি

আমাকে তার উপরই প্রতিষ্ঠিত রাখ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55774

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন